অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 4/18/2024 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল সংঘবদ্ধ খুচরা চুরির বিরুদ্ধে অভিযান করতে এবং সম্মুখসারির কর্মীদের সুরক্ষিত রাখতে অর্থবছর 2025 এর বাজেটে নতুন উদ্যোগ ঘোষণা করলেন

নিউ ইয়র্ক স্টেট পুলিশ ও স্থানীয় আইন শৃঙ্খলা রক্ষাকারীদের জন্য নিবেদিত খুচরা চুরি দলের জন্য বাজেট চুক্তিতে 40.2 মিলিয়ন মার্কিন ডলার রয়েছে

কোনো খুচরা বিক্রেতাকে আক্রমণ করার জন্য নতুন ফেলোনি শাস্তি তৈরি করা হবে

সিকিউরিটি ক্যামেরা এবং অন্যান্যঃ চুরি বিরোধী ব্যয়ের জন্য ব্যবসার মালিকদের কাছে 5 মিলিয়ন মার্কিন ডলার কর ক্রেডিট পাওয়ার সুযোগ থাকবে

গভর্নর ক্যাথি হোকল আজকে সংঘবদ্ধ খুচরা চুরির বিরুদ্ধে অভিযান করতে এবং সম্মুখসারির কর্মীদের সুরক্ষিত রাখতে নতুন উদ্যোগ ঘোষণা করেছেন যা অর্থবছর 2025 এর বাজেটে অন্তর্ভুক্ত করা হয়েছে। সার্বিক এই পন্থাটি আইন শৃঙ্খলা রক্ষাকারী, প্রসিকিউটর এবং ব্যবসার মালিকদের হাতে আরো ক্ষমতা প্রদান করে, দুর্বলতার প্রতিটি ক্ষেত্রকে লক্ষ্য করে কাজ করে। অর্থবছর 2025 এর স্টেট বাজেট চুক্তির পর গভর্নর হোকলের এই ঘোষণাটি এসেছে, যেখানে জননিরাপত্তার ঐতিহাসিক বিনিয়োগ করা হয়েছে এবং এটি স্টেটব্যাপী অপরাধ হ্রাস করার ব্যাপারে তিন বছরের অগ্রগতির অনুবর্তী।

"আমি সংঘবদ্ধ খুচরা চুরির আক্রমণের বিরুদ্ধে লড়াই করার প্রতিজ্ঞা করেছিলাম, এবং এই বাজেটে আমরা তা করেছি," **গভর্নর হোকল বলেন।** "অত্যাধুনিক সংঘবদ্ধ খুচরা চুরির অপারেশন সম্মুখসারির খুচরা বিক্রয়কর্মীদের ঝুঁকিগ্রস্ত করছে এবং চোরাই পণ্য অনলাইন বাজারে পুনরায় বিক্রি করছে, এবং এই বিশৃঙ্খলা শেষ করতে আমরা নতুন পদক্ষেপ গ্রহণ করছি।"

অপরাধ ডেটা অনুযায়ী বিগত ছয় বছরে এইসব অপরাধে উল্লেখযোগ্য বৃদ্ধি দেখা দিয়েছে তাই গভর্নর হোকল সংঘবদ্ধ খুচরা চুরিতে মনোযোগ প্রদান করছেন। 2017 থেকে 2023 এর মধ্যে নিউ ইয়র্ক সিটিতে লার্সেনি অপরাধ 51 শতাংশ বৃদ্ধি পেয়েছে। একই সময়কালে, নিউ ইয়র্ক সিটিতে ডাকাতি, গ্র্যান্ড লার্সেনি এবং পেটি লার্সেনি 86 শতাংশ বৃদ্ধি পেয়েছে।

অর্থবছর 2025 এর স্টেট বাজেটে সংঘবদ্ধ চুরির মোকাবেলা করতে গভর্নর হোকলের পাঁচ দফা পরিকল্পনা রয়েছে:

- কোনো খুচরা বিক্রয়কর্মীকে আক্রমণ করা ব্যক্তির জন্য এটিকে মিসডিমিনার থেকে ফেলোনিতে পরিবর্তন করার মাধ্যমে **অপরাধের শাস্তি জোরদার করা**। কোনো খুচরা কর্মীকে তার চাকরির সময় শারীরিকভাবে আহত করা ব্যক্তি এই নতুন ফেলোনির আওতাধীন হবে।
- লার্সেনি চার্জ করার সময় **প্রসিকিউটরদের চোরাই পণ্যসমূহের মূল্য একত্রিত করার অনুমোদন দেওয়া**। একই অপরাধ চক্রান্তের অধীনে চুরি করা হলে একটি উচ্চতর লার্সেনি সীমাতে পৌঁছানোর উদ্দেশ্যে বিভিন্ন দোকান থেকে চুরি করা খুচরা পণ্যকে একত্রিত করার জন্য বাজেট অনুমতি প্রদান করে।
- থার্ড পার্টি বিক্রেতাদের ধরার জন্য **চোরাই পণ্যের বিক্রির ব্যবস্থা করাকে অবৈধ করা**। কোনো ব্যক্তি যদি চোরাই পণ্য বিক্রি করতে কোনো ওয়েবসাইট বা ভৌত অবস্থান ব্যবহার করে তাহলে তাকে দোষী সাব্যস্ত করা হবে।
- স্টেট পুলিশ (State Police), ডিস্ট্রিক্ট অ্যাটর্নির অফিস এবং স্থানীয় আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর মধ্যে নিবেদিত খুচরা চুরি দলের (Retail Theft Teams) জন্য **40.2 মিলিয়ন মার্কিন ডলার** প্রদান, যার মধ্যে সংঘবদ্ধ খুচরা চুরির মোকাবেলায় নিবেদিত 100 জন নিউ ইয়র্ক স্টেট পুলিশ কর্মী থাকবে।
- ক্যামেরার মতো বাড়তি নিরাপত্তা ব্যবস্থায় বিনিয়োগ করতে খুচরা ব্যবসাসমূহকে সাহায্য করার জন্য **5 মিলিয়ন মার্কিন ডলার** কর ক্রেডিট। অতিরিক্ত নিরাপত্তা ব্যবস্থার জন্য ক্ষুদ্র ব্যবসার উপর থেকে চাপ হ্রাস করার জন্য, খুচরা চুরি প্রতিরোধ ব্যবস্থায় একটি নির্দিষ্ট পরিমাণ অর্থ ব্যয় করা সকল ক্ষুদ্র ব্যবসার জন্য বাজেটে একটি 3,000 মার্কিন ডলারের কর ক্রেডিট তৈরি করা হয়েছে।

অর্থবছর 2025 এর বাজেটে সংঘবদ্ধ চুরির বিরুদ্ধে লড়াইয়ে গভর্নর হোকলের প্রতিশ্রুতি হলো সহিংস অপরাধকে ঐতিহাসিক কম মাত্রায় নামিয়ে এনেছে এমন কেন্দ্রীয় কৌশলের অনুবর্তী। নিউ ইয়র্ক সিটির বাইরের 21টি কাউন্টিতে স্থানীয় আইন শৃঙ্খলা রক্ষাকারীদের অর্থায়ন প্রদান করা বন্দুক সম্পর্কিত সহিংসতা উদ্যোগের (Gun Involved Violence Initiative, GIVE) মতো কর্মসূচির ফলে বন্দুক অপরাধে নাটকীয় হ্রাস দেখা গেছে। গত কোয়ার্টারে, GIVE অঞ্চলসমূহে সর্বনিম্ন সংখ্যক গুলির ঘটনা রেকর্ড করা হয়েছে, এবং নিউ ইয়র্ক সিটিতে মহামারীর পর থেকে যেকোনো কোয়ার্টারের তুলনায় সর্বনিম্ন সংখ্যক গুলির ঘটনা হয়েছে। 2021 সাল থেকে, স্টেটব্যাপী খুন 30 শতাংশ হ্রাস পেয়েছে।

নিউ ইয়র্ক স্টেট পুলিশের ভারপ্রাপ্ত সুপারিন্টেনডেন্ট স্টিভেন জি জেমস বলেন, "নিউ ইয়র্কের কঠোর পরিশ্রমী নাগরিকদের উপর থেকে চোরের নজর প্রতিরোধ করার চলমান প্রয়াসকে আরো অগ্রসর করার জন্য আমরা আমাদের আইন শৃঙ্খলা রক্ষাকারীদের সাথে অংশীদারিত্বকে কাজে লাগানো অব্যাহত রাখবো। এই ব্যাপারে স্টেট পুলিশ সম্পূর্ণ নিযুক্ত আছে এবং মিলিয়ন মিলিয়ন মার্কিন ডলারের পণ্য চুরি করে, খুচরা বিক্রেতা ও জনগণ উভয়ের সাথে প্রতারণা করার জন্য দায়ী ব্যক্তিদের সহ্য করা হবে না। গভর্নর হোকলের অব্যাহত সমর্থনের জন্য আমি তাকে ধন্যবাদ জানাচ্ছি, এবং নিউ ইয়র্ক স্টেট পুলিশ এই উদ্যোগে সফলতা নিশ্চিত করার জন্য প্রয়োজনীয় সংস্থান প্রদান করতে প্রস্তুত আছে।"

স্টেটের সিনেটর জেসিকা স্কারসেলা-স্প্যান্টন বলেন, "একজন খুচরা কর্মীকে আক্রমণ করাকে ফেলোনি করে শাস্তি বৃদ্ধির এই ব্যবস্থার পক্ষে আমি কথা বলেছি কারণ আমি বুঝি যে

সহিংস অপরাধ থেকে নিউ ইয়র্কবাসীদের সুরক্ষিত রাখা কতটা গুরুত্বপূর্ণ। বাজেটের এই সংস্থানটি পুরো নিউ ইয়র্কে আমাদের ক্ষুদ্র ব্যবসাসমূহকে এবং তাদের কর্মী, যারা শুধু জীবনের চাহিদা পূরণের জন্য কাজ করছে, তাদের সুরক্ষিত রাখার জন্য বিধায়ক হিসেবে আমাদের নিবেদনকে পুনরায় নিশ্চিত করে। বাজেটে এই ব্যবস্থা অন্তর্ভুক্ত করার জন্য গভর্নর হোকলের সাথে সহযোগিতামূলক কাজ করতে পেরে আমি খুশি।"

অ্যাসেম্বলি সদস্য ম্যানি ডে লস স্যান্টোস বলেন, "খুচরা চুরির পরিব্যাপক সমস্যার বিরুদ্ধে অবিচলভাবে কাজ করার জন্য এবং আমরা যাতে আমাদের খুচরা কর্মী এবং তারা যে সম্প্রদায়ে সেবাদান করে তাদের সুরক্ষা প্রদান করতে পারি তা গৃহীত বাজেটে নিশ্চিত করার জন্য আমি গভর্নর হোকলের প্রশংসা করছি। আমার স্থানীয় সুপারমার্কেট এবং বোডেগাগুলিতে এই সমস্যার বিরুদ্ধে তাদের প্রতিদিনের লড়াই এবং সুরক্ষার জন্য তাদের অনুনয় শোনার পর আমি খুচরা চুরির এই সমস্যায় কাজ শুরু করি। একত্রে, আমরা এই লড়াইয়ে ব্যবসাসমূহকে সমর্থন করার জন্য ব্যবহারিক ধাপ সহ একটি প্রস্তাবনা তৈরি করেছি, এবং আমি আত্মবিশ্বাসী যে এই নীতিমালা পুরো নিউ ইয়র্ক সিটি এবং স্টেটের কর্মী ও ক্ষুদ্র ব্যবসার জন্য একটি মুখ্য প্রভাব নিয়ে আসবে।"

ব্রুকলিন ডিস্ট্রিক্ট অ্যাটর্নি এরিক গঞ্জালেস বলেন, "আমাদের সম্প্রদায়ে সহিংসতার বিরুদ্ধে নিউ ইয়র্ক সিটি লক্ষণীয় অগ্রগতি করেছে, এবং খুচরা চুরি ঠেকাতে এবং খুচরা কর্মীদের সুরক্ষিত রাখতে এই বছরের স্টেটে বাজেটে গভর্নর হোকল এবং আইনসভার নেতৃত্বের জন্য আমি তাদের প্রশংসা করছি। এই বিধিমালাটি নিউ ইয়র্কবাসীদের নিরাপত্তা ও সুরক্ষা নিশ্চিত করার জন্য আমাদের চলমান প্রয়াসে একটি গুরুত্বপূর্ণ ধাপ এবং বার বার অপরাধ করা ব্যক্তিদের ঠেকাতে আমাদের ট্রেসপাস এফিডেফিট কর্মসূচিসহ সফল চুরি বিরোধী কর্মসূচি গঠনের জন্য তহবিলের অন্তর্ভুক্তি সামনে থেকে দোকানে চুরি ঠেকানোর প্রতি একটি বলীয়ান প্রতিশ্রুতির সংকেত দেয়। একত্রে কাজ করে আমরা একটি স্পষ্ট বার্তা প্রেরণ করছি: অরাজকতা ও ভীতিমুক্ত একটি পরিবেশে কাজ করতে পারা আমাদের সম্প্রদায় এবং তাদের সেবাদানকারী পরিশ্রমী ব্যক্তিদের প্রাপ্য।"

কুইন্স ডিস্ট্রিক্ট অ্যাটর্নি মেলিন্ডা ক্যাটজ বলেন, "স্থানীয় ব্যবসা, তাদের কর্মী এবং ক্রেতাদের সমর্থন করার জন্য আমাদেরকে অবশ্যই খুচরা চুরির মোকাবেলায় আমাদের পক্ষে সম্ভব সকল কিছু করতে হবে। একজন খুচরা কর্মীকে আক্রমণ করার অপরাধের শাস্তি বর্ধনসহ দোকানে চুরির মোকাবেলা করতে সাহায্য করার জন্য আমাদেরকে আরো হাতিয়ার প্রদানের জন্য গভর্নর হোকলকে ধন্যবাদ। স্থানীয় ব্যবসার উন্নতি হলে আমাদের সম্প্রদায়ের উন্নতি হয় এবং ব্যবসায়ী এবং বাসিন্দা উভয়ের জন্য একটি সুরক্ষিত পরিবেশ তৈরির জন্য আমরা কাজ অব্যাহত রাখবো।"

নিউ ইয়র্ক স্টেট রিটেইল কাউন্সিলের (Retail Council of New York State) প্রেসিডেন্ট এবং প্রধান নির্বাহী কর্মকর্তা মেলিসা ও’ কনর বলেন, "খুচরা বিক্রির শিল্পখাত নিউ ইয়র্ক স্টেটে সংঘবদ্ধ খুচরা বিক্রি সংক্রান্ত অপরাধ এবং অভ্যাসগত খুচরা চুরি সম্পর্কিত প্রতিটি বাজেট সংস্থানকে দৃঢ়ভাবে সমর্থন করছে, এবং আমরা বহু বছর ধরে এইসব উদ্যোগকে অগ্রাধিকার প্রদান করেছি। দোকান ও কর্মীরা যে সমস্যার সম্মুখীন হচ্ছে তা শোনার জন্য, এবং এই অবৈধ কর্মকাণ্ড কার্যকরভাবে প্রতিরোধ করার জন্য শীঘ্রই নতুন আইন আসবে এমন একটি

অবস্থানে আমাদের নিয়ে আসার জন্য আমি গভর্নর ক্যাথি হোকলকে ধন্যবাদ জানাতে চাই। এই বছরের স্টেট বাজেটের প্রণয়নে দোকান ও সম্প্রদায়ের নিরাপত্তার জন্য আমাদের কাজ থেমে যাবে না। সকল নিউ ইয়র্কবাসীদের জন্য একটি নিরাপদ কেনাকাটার পরিবেশ নিশ্চিত করতে আমরা সকল স্টেকহোল্ডাদের সাথে কাজ চালিয়ে যাবো।"

নিউ ইয়র্ক স্টেট বিজনেস কাউন্সিল ইনকর্পোরেটেডের (Business Council of New York State Inc.) নির্বাহী ভাইস প্রেসিডেন্ট পল জুবার বলেন, "পুরো স্টেটের ব্যবসাসমূহ, বিশেষ করে উন্মুক্ত পণ্যসম্ভারসহ ক্ষুদ্র ব্যবসার জন্য যা তাদেরকে এইসব অপরাধের প্রতি সংবেদনশীল করে, তাদের জন্য খুচরা চুরি একটি প্রধান উদ্বেগ হয়ে উঠেছে। এইসব বর্ধিত নিরাপত্তা ব্যবস্থাকে অগ্রাধিকার প্রদান করা এবং চাকরি প্রদান করে এবং স্টেট ও স্থানীয় অর্থনীতিতে অবদান রাখা ব্যক্তিদের সুরক্ষিত রাখার জন্য আমরা গভর্নর হোকলকে ধন্যবাদ জানাচ্ছি।"

দ্য পার্টনারশিপ ফর নিউ ইয়র্ক সিটির (The Partnership for New York City) প্রেসিডেন্ট এবং প্রধান নির্বাহী কর্মকর্তা ক্যাথি ওয়াইল্ড বলেন, "গভর্নর হোকল যথাযথভাবেই ব্যাপক খুচরা চুরি বন্ধ করার উপর মনোযোগ স্থির করেছেন, এটি পুরো আমেরিকার শহরগুলিতে সবথেকে দৃশ্যমান ও অস্থির জননিরাপত্তা সমস্যা। তার পদক্ষেপ চুরি এবং খুচরা বিক্রয়কর্মীরা আহত হওয়া উভয় প্রতিরোধ করবে, যা আইনের শাসনের প্রতি জনগণের আস্থা পুনঃস্থাপন করার জন্য গুরুত্বপূর্ণ।"

কালেকটিভ অ্যাকশন টু প্রোটেক্ট আওয়ার স্টোর্সের (Collective Action to Protect our Stores, CAPS) প্রতিষ্ঠাতা নেলসন ইউসেবিও বলেন, "খুচরা চুরির মোকাবেলার পাশাপাশি আমাদের দোকান, কর্মী এবং গ্রাহকদের জন্য কাজ করার জন্য আমরা গভর্নর ক্যাথি হোকলের প্রশংসা করছি। এই স্টেট বাজেট সত্যিকারের একটি বিজয়, এবং এটি সামনে থেকে খুচরা চুরির সমস্যার মোকাবেলা করে। মহামারীর সময় অত্যাবশ্যকীয় কর্মী হিসেবে গণ্য হওয়া খুচরা বিক্রেতাদের সাহায্য প্রয়োজন, এবং গভর্নর হোকল এবং স্টেটের আইনসভা যে তাদের জন্য কাজ করেছে তা নিয়ে আমরা খুশি।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন